

ব্যক্তিগত এবং পারিবারিক সমস্যার জন্য শিশুদের পরামর্শ দান

প্রার্থনাঃ “প্রিয় প্রভু, যোষেফের মত শিশুদের পরিবারের সদস্যদের সঙ্গে ব্যবহার করতে সাহায্য কর।”

শিক্ষণীয় কার্যকলাপগুলোর যে কোন একটি পছন্দ করুন যা বর্তমান প্রয়োজনের সঙ্গে সাযু্য পূর্ণ হবে। শিশুদের উটের দল আঁকতে বলুন, যা যোষেফকে মিশরে নিয়ে গেছিল।



একজন বড় শিশুকে অথবা শিক্ষককে যোষেফ এবং তার ভাইদের গল্পটির প্রধান বিষয়গুলো সংক্ষেপে পর্যালোচনা করতে দিন, তাদের উত্তরসূরীগণই ইস্রায়েলের বিভিন্ন জাতিতে পরিণত হয়েছিলেন (আদি ৩৭, ৩৯ অধ্যায় থেকে ৪৬ অধ্যায় পর্যন্ত) :

- তাঁর দাদারা তাঁর প্রতি হিংসা করতো, কারণ তাদের পিতা ইস্রায়েল যাকে যাকোব বলা হতো, তিনি যোষেফকে একটি সুন্দর পোষাক দিয়েছিলেন। (এই যোষেফ মরিয়মের স্বামী ছিলেন না।)
- তারা যোষেফকে ঘৃণা করতেন কারণ যোষেফ স্বপ্ন দেখেছিলেন যে তারা তাঁর কাছে নত হবে।
- তারা যোষেফকে হত্যা করার চক্রান্ত করেছিলেন, কিন্তু শেষ পর্যন্ত তারা তাঁকে বিদেশীদের কাছে দাস রূপে বিক্রি করে দিয়েছিলেন।
- মিশরের রাজার এক সরকারী অধ্যক্ষ পোর্টিফর যোষেফকে ক্রয় করেছিলেন, যেখানে যোষেফ বুদ্ধিযুক্তভাবে কাজ করেছিলেন।
- সমস্ত অন্যায় অবিচারের পর যোষেফ মিশরের ফরৌণ রাজার অধীনে শাসক হয়ে উঠেছিলেন।
- দুর্ভিক্ষের সময় তাঁর দাদারা তাঁর কাছ থেকে খাদ্য শস্য ক্রয় করতে এসেছিলেন, কিন্তু তারা তাঁকে চিনতে পারেন নি।
- তিনি তাদের টাকা ফিরিয়ে দিয়ে বলেছিলেন যে তারা যেন তাদের ছোট ভাই বেঞ্জামিনকে ছাড়া ফিরে না আসেন।

আদি ৪৪ অধ্যায় এবং ৪৫:১-১৫ পদ পর্যন্ত গল্পটির শেষ অংশটি বলতে হবে অথবা অভিনয় করতে হবে। এখানে তার দাদারা যখন ছোট ভাই বেঞ্জামিনকে সঙ্গে নিয়ে ফিরে এসেছিলেন, তখন যোষেফ তাদের প্রতি কি করেছিলেন সেই বিষয়ে বলা হয়েছে।

প্রশ্নসমূহঃ গল্পটি বলার পর নিম্নলিখিত প্রশ্নগুলো জিজ্ঞাসা করুন :

যোষেফ তাঁর পরিচারককে বেঞ্জামিনের থলিতে কি রেখে দিতে বলেছিলেন? (আদি ৪৪:২ পদ দেখ)

যদি কেউ রূপোর পাত্র চুরি করতো তবে তার কি শাস্তি হওয়া উচিত ছিল? (আদি ৪৪:১০ পদ দেখ)

তার দাদারা কি তাঁর প্রতি যেমন করেছিলেন সেইভাবে বেঞ্জামিনকেও পরিত্যাগ করে চলে গেছিলেন? (না, আদি ৪৪ : ৩৩ পদ দেখ)

তার দাদারা কি তাদের অতীত কাজের জন্য দুঃখিত হয়েছিলেন? (হ্যাঁ, আদি ৪৪:৩৪ পদ দেখ)

যোষেফ যখন তার দাদাদের সঙ্গে কথা বলেছিলেন তখন তিনি কেমন অনুভব করছিলেন? (আদি ৪৫:২ পদ দেখ)

যোষেফ কি তার ভাইদের ক্ষমা করেছিলেন? (আদি ৪৫:১৫-১৬)

যোষেফ ও তার দাদাদের গল্পের অংশটির নাটক মঞ্চস্থ করুন। শিশুদের জন্য নাটকটি উপস্থাপন করার নিমিত্ত আরাধনার নেতাদের তৈরী করুন।

বড় শিশুদের অথবা প্রাপ্ত বয়স্কদের বর্ণনাকারী, যিহূদা এবং যোষেফের ভূমিকায় অভিনয় করতে হবে।

একজন ছোট শিশুকে বেঞ্জামিন হতে হবে এবং অন্যদের তার দাদার ভূমিকায় অভিনয় করতে হবে। ভাইদের কাছে শস্যদানার জন্য বস্তা থাকবে।

বর্ণনাকারী : আদি ৪৪ঃ১-১৩ পদ থেকে গল্পের প্রথম অংশটি বলবে। তারপর তিনি বলবেন, “যোষেফ তার পরিচারককে কি বলেছিলেন তা শ্রবণ করুন।”

যোষেফ : “পরিচারক, এই কাপটা ছোট ভাইয়ের বস্তার মধ্যে লুকিয়ে রাখ।”

পরিচারক : বেঞ্জামিনের বস্তার মধ্যে কাপটা লুকিয়ে রেখেছি।

দাদারা : (হাঁটবে) “ধন্যবাদ ঈশ্বর! মিশরীয় আমাদের ক্ষুধার্ত পরিবারের জন্য শস্যদানা নিতে দিয়েছেন।”

পরিচারক : বেঞ্জামিনের পশচাতে তাড়া করবে, বলবে, “তুমি আমার প্রভুর কাপ চুরি করেছ! দেখ, কাপটা তোমার বস্তার মধ্যে আছে। তোমাকে দাস হয়ে এর মূল্য পরিশোধ করতে হবে!”

দাদারা : দুঃখিত হয়ে ফিরে গেল। “আমরা এখন দাস হব।” “আমরা যোষেফের প্রতি যা করেছিলাম, ঈশ্বর তার জন্য আমাদের শাস্তি দিচ্ছেন।”

বর্ণনাকারী : আদি ৪৪ঃ১৪-৩৪ পদ থেকে গল্পের দ্বিতীয় অংশটি বলবেন। তারপর তিনি বলবেন, “শুনুন যিহূদা যোষেফকে কি বলেন।”

যিহূদা : “আমার প্রভু, বেঞ্জামিনের পরিবর্তে আমাকে আপনার দাস হতে দিন। বেঞ্জামিন যদি ঘরে ফিরে না যায়, তবে আমাদের পিতা অত্যন্ত দুঃখিত হবে।”

বর্ণনাকারী : আদি ৪৫ঃ১-১৫ পদ থেকে গল্পটির তৃতীয় অংশটি বলবেন। তারপর তিনি বলবেন, “শুনুন, যোষেফ কি বলছেন।”

যোষেফ : “আমার ভাইয়েরা, আমি অত্যন্ত আনন্দিত হয়েছি! তোমরা আমার প্রতি যে অন্যায় করেছিলে ঈশ্বর তা মঙ্গলে পরিণত করেছেন। তিনি আমাকে তোমাদের এবং তোমাদের পরিবারের তত্ত্বাবধান করার জন্য এনেছেন। আমি তোমাদের সব কিছু ক্ষমা করেছি।”

বর্ণনাকারী : যারা সাহায্য করেছেন তাদের সবাইকে ধন্যবাদ।

প্রশ্ন জিজ্ঞাসা করুন। শিশুরা যদি বড়দের জন্য গল্পটি নাটক করে, তবে তাদেরকে বলুন উপরের তালিকার একই প্রশ্নগুলো বড়দের জিজ্ঞাসা করতে। পরিবারের সদস্যরা যে সকল কাজ করেন যা অন্যদের অসন্তুষ্ট করে, সেই বিষয়গুলো ছোট কাগজের টুকরোতে লিখতে বলুন। কাগজের টুকরোগুলো কাপের মধ্যে রাখুন এবং এই মন্দ বিষয়গুলোর জন্য ঈশ্বরের কাছে ক্ষমা প্রার্থনা করুন। যারা আমাদের আঘাত করে তাদের ক্ষমা করার জন্য এবং তাদের প্রেম করার জন্য ঈশ্বরের সাহায্য যাঞ্চ করে আবার প্রার্থনা করুন।

ছবি: একটি বস্তার ছবি অঙ্কন করুন যা শিশুরা দেখে দেখে আঁকবে। পরবর্তী আরাধনার সময় বড়দের কাছে অথবা তাদের পিতামাতার কাছে এই বিষয়ে তাদের ব্যাখ্যা করতে দিন। ইহা ব্যাখ্যা করে কিভাবে আমরা ক্ষমা করতে পারি এবং আমাদের পরিবারের বিরুদ্ধে আমাদের সমস্ত ক্রোধ দূর করতে পারি। আমাদের সমস্ত ক্রোধ আমরা বস্তার মধ্যে রাখব এবং ঈশ্বরের কাছে দিয়ে দেব। তিনি আমাদের সমস্ত পাপ গ্রহণ করেন।



আলোচনা : অতীতে আমাদের পরিবারের সদস্যগণ যে সকল বিষয়ে আমাদের আঘাত করার জন্য তাদের ক্ষমা করা উচিত সেই বিষয়গুলোর অন্যান্য উদাহরণগুলো কি কি ?

শিশুদের ব্যক্তিগত সমস্যাগুলো নিয়ে কাজ করুন :

- কোন শিশুর যদি সমস্যা থাকে, তবে তাদের দলের অন্যদের থেকে আলোচনা করে তাদের জন্য সময় ব্যয় করুন।
- তাদের সমস্যার মূল কারণ উপলব্ধি করার জন্য উত্তমরূপে তাদের কথা শুনুন। সাহায্যের জন্য প্রার্থনা করুন।
- তাদের প্রথম অভিযোগের বিষয়গুলোর পরিবর্তে মূল সমস্যা নিয়ে কাজ করুন।
- যথাযথ স্তরে সমস্যাগুলো নিয়ে কাজ করুন। প্রয়োজন হলে তাদের বাবা মায়ের সঙ্গে কথা বলুন।
- সমস্যার কারণে ঈশ্বরের বাক্য প্রয়োগ করুন, সাধারণ উপসর্গের ক্ষেত্রে করবেন না।
- একই সঙ্গে সহজ পদক্ষেপের মাধ্যমে শিশুদের আচরণ পরিবর্তন করার চেষ্টা করুন।
- লক্ষ্য করুন শিশুটি কোন মন্দ বিষয়ে ভুগছে কিনা। কেউ কি তাদের নিজের বিষয়ে মন্দ অনুভব করছে? তাদেরকে সুনিশ্চিত করুন যে তারা ঈশ্বরের সন্তান এবং ঈশ্বর তাদের ক্ষমা করেন এবং তাদের প্রেম করেন।
- কিছু শিশু আছে যারা মন্দ কাজ করে, তাদের বিশেষ মনোযোগের প্রয়োজন, তাদের অন্য শিশুদের জন্য অথবা তাদের বাবা মায়ের জন্য কিছু করতে দিন। তারা যা করছে তার জন্য তাদের প্রশংসা করুন।
- বড় শিশুদের ছোটদের সঙ্গে কাজ করতে দিন। বড় শিশুদের ছোট শিশুদের হয়ে “বড় ভাইয়ের” মত কাজ করতে দিন এবং তাদের শিখ্য করুন। প্রতিটি শিশুর জন্য যেন একজন করে “বড় ভাই” থাকে।

আবৃত্তি : পাঁচজন শিশুর প্রত্যেককে ফিলিপীয় ২ঃ৫-৯ পদ থেকে আবৃত্তি করতে দিন।

পরিবারের সদস্যদের ক্ষমার বিষয়ে বড় শিশুদের কবিতা, গান অথবা নাটক লিখতে দিন।

ইফিষীয় ৪ঃ৩২ পদ মুখস্ত করুন।

প্রার্থনা : “প্রভু, আমাদের পরিবারে যারা আমাদের আঘাত করে তাদের ক্ষমা করা কঠিন। আমাদেরকে ক্ষমা করতে সাহায্য কর।”